

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২৯৯

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/২৩. আহার পরিবেশন করা

بَابِ عَرْضِ الطَّعَام

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَلِيُّ بْنُ مُحَمَّدٍ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ أَبِي هِلاَلٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَوَادَةَ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، \_ رَجُلٌ مِنْ بَنِي عَبْدِ الأَشْهَلِ \_ قَالَ أَتَيْتُ النَّبِيَّ \_ وَلَّ مِنْ بَنِي عَبْدِ الأَشْهَلِ \_ قَالَ أَتَيْتُ النَّبِيَّ \_ وَلَّ بُنِ مَالِكِ، \_ رَجُلٌ مِنْ بَنِي عَبْدِ الأَشْهَلِ \_ قَالَ أَتَيْتُ النَّبِيَّ \_ صلى الله عليه وسلم \_ وَهُوَ يَتَغَدَّى فَقَالَ " ادْنُ فَكُلْ " . فَقُلْتُ إِنِّي صَائِمٌ فَيَا لَهْفَ نَفْسِي هَلاَّ كُنْتُ طَعِمْتُ مِنْ طَعَامِ رَسُولِ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ .

#### বাংলা

২/৩২৯৯। আবদুল আশহাল গোত্রের আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হলাম। তখন তিনি সকালের আহার করছিলেন। তিনি বলেনঃ এগিয়ে আসা এবং খাও। আমি বললাম, আমি রোযাদার। আফসোস আমার জন্য আমি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে আহারে অংশগ্রহণ করতাম।

### **English**

It was narrated that Anas bin Malik – a man from the tribe of Banu 'Abdul-Ashhal – said:

\* "I came to the Prophet (ﷺ) when he was eating breakfast and he said: 'Come and eat.' I said: 'I am fasting. Alas! Would that I had eaten of the food of the Messenger of Allah (ﷺ)."

## ফুটনোট

তিরমিযি ৭১৫, নাসাঈ ২২৭৪, ২২৭৬, ২৩১৫, আহমাদ ১৮৫৬৮, ১৯৮১৪।

তাহকীক আলবানীঃ হাসান সহীহ। উক্ত হাদিসের রাবী আবু হিলাল সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি



সত্যবাদী। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সিকাহ। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় ইদতিরাব করেন। ইমাম নাসাঈ বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। বাযযার বলেন, তিনি গায়র হাফিয। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫২৫৬, ২৫/২৯২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন